# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৯২৬

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৬. তৃতীয় অনুচ্ছেদ - সদাক্বার মর্যাদা

আরবী

وَعَنِ ابْنِ مَسْعُودٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ وَسَّعَ عَلَى عِيَالِهِ فِي النَّفَقَةِ يَوْمَ عَاشُورَاءَ وَسَّعَ اللَّهُ عَلَيْهِ سَائِرَ سَنَتِهِ» . قَالَ سُفْيَانُ: إِنَّا قَدْ جربناه فوجدناه كَذَلِك. رَوَاهُ رزين

বাংলা

১৯২৬-[৩৯] ’আবদুল্লাহ ইবনু মাস্’ঊদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি ’আশূরার দিন নিজের পরিবার পরিজনের জন্য উদারহস্তে খরচ করবে আল্লাহ তা’আলা গোটা বছর উদারহস্তে তাকে দান করবেন। সুফ্ইয়ান সাওরী বলেন, আমরা এর পরীক্ষা করেছি এবং কথার সত্যতার প্রমাণ পেয়েছি। (রযীন)[1]

ফুটনোট

[1] য‘ঈফ : রাযীন, য‘ঈফ আল জামি‘ আস্ সগীর ৫৮৭৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসে পরিবার বলতে ব্যক্তির অধীন ঐসব ব্যক্তিবর্গকে বুঝাচ্ছে যাদের ভরণ-পোষণের দায়িত্ব ঐ ব্যক্তির ওপর ন্যস্ত।

সুফ্ইয়ান আস্ সাওরী বলেনঃ আমি এবং আমার সঙ্গী-সাথীরা এ হাদীসের সঠিকতা/বিশুদ্ধতা অর্থাৎ ‘আশূরার দিন দান করলে দানকারীর ওপর আল্লাহর দান যে প্রশস্ত হয় তা পরীক্ষা করার উদ্দেশে তা করেছি এবং আমরা এর প্রতিদান পেয়েছি অর্থাৎ আমাদের খাদ্য প্রশস্ত হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56486

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন